

প্রিয় Molly (মলি)-র মাতাপিতা/অভিভাবক,

এই রিপোর্টটি 2024-এর বসন্তে পরিচালিত নতুন নিউ ইয়র্ক স্টেট টেস্টিং প্রোগ্রাম ইংলিশ ল্যাংগুয়েজ আর্টস (ELA)-এর মূল্যায়নে Molly (মলি)-র পারফরম্যান্স সংক্ষেপে বিবৃত করে। এই পরীক্ষাতে প্রাপ্ত নম্বর শিক্ষার্থীর পারফরম্যান্স নির্ধারণ করার একটি উপায়; **যদিও, Molly (মলি) কী জানে এবং কী করতে পারে এই প্রাপ্ত নম্বর তার সম্পূর্ণ ও বিস্তারিত তথ্য প্রকাশ করে না। গ্রেড 3 থেকে 8 পর্যন্ত ELA, গণিত ও বিজ্ঞানের প্রাপ্ত নম্বরগুলি শিক্ষার্থীর সক্ষমতা নির্ণয়ের জন্য প্রদান করা হয় এবং এগুলি Molly (মলি)-র অফিসিয়াল ট্রান্সক্রিপ্ট বা তার স্থায়ী রেকর্ডে সংযুক্ত করা হবে না।**

অনুবাদ



<https://www.nysed.gov/state-assessment/grades-3-8-score-report-and-understanding-report-samples>

MOLLY  
(মলি)-র প্রাপ্ত নম্বর

এই বছর

468

লেভেল 3

গত বছর

লেভেল 3

পারফরম্যান্স লেভেল

504

লেভেল 4

এই পর্যায়ে পারফর্ম করা শিক্ষার্থীরা তাদের গ্রেডের জন্য নির্ধারিত মান অনুযায়ী সর্বশ্রেষ্ঠ।

474

লেভেল 3

এই পর্যায়ে পারফর্ম করা শিক্ষার্থীরা তাদের গ্রেডের জন্য নির্ধারিত মান অনুযায়ী দক্ষ।

450

লেভেল 2

এই পর্যায়ে পারফর্ম করা শিক্ষার্থীরা তাদের গ্রেডের জন্য নির্ধারিত মান অনুযায়ী আংশিক দক্ষ।

432

লেভেল 1

এই পর্যায়ে পারফর্ম করা শিক্ষার্থীদের গ্রেডের জন্য নির্ধারিত মানের তুলনায় দক্ষতা অনেকটাই কম।

373

MOLLY  
(মলি)-র প্রাপ্ত  
নম্বর: 468

স্টেটের মান পূরণ করে  
স্টেটের মান পূরণ করে না

MOLLY (মলি) স্টেটের নির্ধারিত মান পূরণ করেছে

এই শিক্ষার্থীরা কী জানে এবং কী করতে পারে তার বিবরণ দেখতে এখানে যান:  
[www.nysed.gov/state-assessment/next-generation-grades-3-8-learning-standards-performance-level-descriptions](http://www.nysed.gov/state-assessment/next-generation-grades-3-8-learning-standards-performance-level-descriptions)

MOLLY (মলি)-র সাফল্যের তথ্য-প্রমাণ

Molly (মলি)-র শিক্ষকের সাথে যোগাযোগ করুন এবং জিজ্ঞেস করুন কোন কাজটি Molly (মলি)-র পক্ষে করা কঠিন।

যদি উপযুক্ত মনে হয়, Molly (মলি)-কে সাফল্যের শিখরে উঠতে সহায়তা করার জন্য কাউন্সেলিং বা স্কুলের প্রদত্ত সহায়তার মতো শিক্ষার্থী সহায়তা চান।


স্কুলের কর্তৃপক্ষকে জিজ্ঞাসা করুন Molly (মলি)-র অগ্রগতি সম্পর্কে আপনি কীভাবে নিয়মিত রিপোর্ট পাবেন।

Molly (মলি)-র দক্ষতা কতটা উন্নত হয়েছে তা দেখতে Molly (মলি)-র সামনে তার করা ক্লাসের পড়া ও বাড়ির পড়ার পর্যালোচনা করুন।

এই পরীক্ষাটির সম্পর্কে আরও তথ্য পেতে, নিউ ইয়র্ক স্টেটের স্ট্যান্ডার্ড সম্পর্কে জানতে এবং আপনি কীভাবে Molly (মলি)-কে সাহায্য করতে পারেন তা জানতে এখানে যান:

<https://www.nysed.gov/state-assessment/grades-3-8-ela-and-mathematics-tests>


Molly (মলি)-র কী জানা উচিত এবং প্রত্যেক গ্রেডের লেভেলে সে কী করতে সক্ষম ইংরেজী ভাষা শিল্পকলা ও স্বাক্ষরতার জন্য নিউ ইয়র্ক স্টেটের শিক্ষার স্ট্যান্ডার্ড তা বিবৃত করে। এই বিভাগটি পড়া এবং উৎস থেকে লেখার ক্ষেত্রে অর্জিত পয়েন্টের সংখ্যা দেখায়।



### পড়া

এইবিভাগে, শিক্ষার্থীদের যা করতে বলা হয়েছিল:

- গ্রেড-লেভেলের পাঠ্যের মূল ধারণা ও বিবরণগুলি উপলব্ধি করা ও বিবরণগুলি কীভাবে গল্পটিকে গড়ে তুলতে সাহায্য করেছে তা বোঝা;
- চরিত্রসমূহের বিশদ বিবরণ প্রদান এবং ধারণা ও ঘটনাসমূহের মধ্যে সংযোগের বর্ণনা প্রদান করা;
- পাঠ্যে ব্যবহৃত শব্দ ও বাক্যাংশের অর্থ বোঝা এবং পাঠ্যটি কীভাবে সাজানো হয়েছে তা বোঝা;
- দৃষ্টিভঙ্গি কীভাবে ঘটনার বিবরণকে প্রভাবিত করে তা বর্ণনা করা;
- পাঠ্যের অংশগুলির মধ্যে যৌক্তিক সংযোগ ও চিত্র ব্যবহার করে পাঠ্যে তুলে ধরা জ্ঞান ও ধারণাগুলিকে আত্মস্থ করা।



### উৎস থেকে লেখা

এইবিভাগে, শিক্ষার্থীদের যা করতে বলা হয়েছিল:

- বিবৃতি দেওয়া ও সেগুলির স্বপক্ষে বিশদ বিবরণ দেওয়া;
- চরিত্রসমূহের সম্পর্কে লেখা ও পাঠ্যে তারা পরস্পরের সাথে কীভাবে সম্পর্কিত তা বর্ণনা করা;
- পাঠ্যের দৃষ্টিভঙ্গি ও থিমের মধ্যে সাদৃশ্য ও বৈসাদৃশ্য দেখানো;
- একটি পাঠ্যের ঘটনা ও কার্যক্রমগুলি বিশ্লেষণ করা;
- একটি পাঠ্যের বৈশিষ্ট্যগুলির উপর ভাষার প্রভাব নির্ণয় এবং গল্পের উপাদানগুলির গুরুত্ব বর্ণনা করা;
- অর্থব্যঞ্জক লেখনীর মাধ্যমে যা বোঝা গেছে তা ব্যক্ত করা যাতে গ্রেড-লেভেলের ইংরেজী ব্যাকরণের উপর তার দক্ষতা ও ইংরেজি ভাষা ব্যবহার করার তার দক্ষতা বোঝা যায়।

অনুগ্রহ করে মনে রাখবেন যে সকল শিক্ষার্থীদের একটি ব্যক্তিগত শিক্ষা কর্মসূচি (Individualized Education Program IEP) আছে অথবা ধারা 504 অনুযায়ী উপযোগীকরণ প্ল্যান (504 প্ল্যান) আছে, তাদেরকে এই পরীক্ষায় প্রদত্ত সুযোগ-সুবিধা হিসাবে পরীক্ষার প্রশ্নপত্র জোরে পড়ে শোনাতে হবে, যা IEP/504 প্লানে উল্লেখিত আছে।

## MOLLY (মলি)-র প্রাপ্ত নম্বর কীভাবে তুলনা করা হচ্ছে

MOLLY (মলি)-র  
প্রাপ্ত নম্বর

468

স্কুলের শিক্ষার্থীদের  
গড় প্রাপ্ত নম্বর

455

সমগ্র ডিস্ট্রিক্টে শিক্ষার্থীদের  
গড় প্রাপ্ত নম্বর

459

স্টেটব্যাপী শিক্ষার্থীদের  
গড় প্রাপ্ত নম্বর

444